

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.১৪৭.১৯-৬৭৯

তারিখঃ ০৪ পৌষ ১৪২৬
১৯ ডিসেম্বর ২০১৯

বিষয়: মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং-৮১৪৬/২০১৬ মামলায় ২১.০৩.১৮ তারিখের আদেশের আলোকে রংপুর জেলার পীরগাছা উপজেলাধীন চৌধুরাণী ফাতেহিয়া ফাজিল (ডিগ্রী) মাদরাসার প্রভাষক (বাংলা) জনাব মো: শাহাদুল ইসলাম এর নভেম্বর/১২ হতে স্থগিত বকেয়া বেতন ভাতা ছাড়করণের আবেদন।

সূত্র: চৌধুরাণী ফাতেহিয়া ফাজিল (ডিগ্রী) মাদরাসার বাংলা বিভাগের প্রভাষক জনাব মো: শাহাদুল ইসলাম এর আবেদন তারিখ: ১১.১১.১৯ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রে বর্ণিত আবেদনপত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রংপুর জেলার পীরগাছা উপজেলাধীন চৌধুরাণী ফাতেহিয়া ফাজিল (ডিগ্রী) মাদরাসায় প্রভাষক (বাংলা) জনাব মো: শাহাদুল ইসলাম যথাযথভাবে নিয়োগপ্রাপ্ত হয়ে গত ১৩.১২.১১ তারিখে বর্ণিত প্রতিষ্ঠানে প্রভাষক (বাংলা) পদে যোগদান করা হয়।

০২। যোগদান পরবর্তীতে এমপিওভুক্ত চলমান থাকাবস্থায় সাবেক অধ্যক্ষ জনাব মাও: খাদেমুল ইসলাম এর সাথে মানোমালিন্য থাকায় তার মিথ্যা অভিযোগের কারণে মাউশি অধিদপ্তর কর্তৃক গত নভেম্বর/১২ মাসে (ইনডেন্স নং-২০৯৬৫১৪) stop payment করা হয়।

০৩। এর ফলে স্থগিত বেতন ভাতা (এমপিও) ছাড়করণের দাবী করে প্রভাষক (বাংলা) জনাব মো: শাহাদুল ইসলাম কর্তৃক সিনিয়র সহকারী জজ আদালত, পীরগাছা, রংপুর এর মামলা নং-১৫৭/১২ দায়ের করা হয়। উক্ত মামলার রায়ের কপি এবং তৎকালীন গভর্ণিং বডি'র সিদ্ধান্তের কপিসহ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে বারংবার মাউশি অধিদপ্তরে প্রেরণ করা হলেও তার স্থগিত বেতন ভাতা ছাড় করা হয়নি।

০৪। পরবর্তীতে তিনি নিরুপায় হয়ে ন্যায় বিচারের স্বার্থে মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৮১৪৬/১৬ দায়ের করা হয়। উক্ত রিট মামলায় গত ২১.০৩.১৮ খ্রি. তারিখের রায়/আদেশের শেষাংশ নিম্নরূপ:

The respondents are directed to release the MPO in favour of the petitioner. The respondents are also directed to pay the arrear salary and other benefits to the petitioner in accordance with law. The respondents are further directed to ensure that our aforesaid directions are complied with, positively, within 30 (thirty) days from the date of receipt of our judgment and order.

০৫। উক্ত মামলার রায়/আদেশের আলোকে এমপিও স্থগিতের তারিখ নভেম্বর/১২ হতে বেতন ভাতা (এমপিও) ছাড়করণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য TMED এর সচিব মহোদয় বরাবর আবেদন করা হয়।

০৬। উল্লেখ্য, বর্ণিত রিট মামলার ২১.০৩.১৮ তারিখের রায়ের এক জায়গায় উল্লেখ আছে যে, The Rule is not opposed by filing any affidavit-in-opposition. অর্থাৎ মহোদয় কর্তৃক কোন পদক্ষেপ গ্রহণ না করায় সরকারের প্রতিকূলে রায় ঘোষিত হয়েছে মর্মে স্পষ্ট হয়।

০৭। উক্ত রিট মামলার রায় সরকারের বিপক্ষে ঘোষিত হওয়ায় জরুরিভিত্তিতে আপীল দায়েরসহ রায় স্থগিত করা প্রয়োজন। অন্যথায় সরকারের স্বার্থ ক্ষুণ্ণ হওয়ার প্রবল আশংকা বিদ্যমান। The Supreme court of Bangladesh (Appellate Division) Rules 1998 এর Order xiii অনুযায়ী আপীল দায়েরের মেয়াদ ৬০ দিন।

০৮। এক্ষণে, রিট মামলার রায়ের বিরুদ্ধে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর হতে নিম্নোক্ত তথ্য জানা আবশ্যিক:

- রিট পিটিশন নং-৮১৪৬/১৬ মামলায় ২১.০৩.১৮ তারিখের রায়ের বিরুদ্ধে সিপিএলএ দায়ের করা হয়েছে কিনা?
- সিপিএলএ দায়ের হয়ে থাকলে সিপিএলএ নম্বরসহ CPLA এর হালনাগাদ তথ্যাদি টিএমইডিতে প্রেরণ করা, না হয়ে থাকলে কবে নাগাদ (নির্ধারিত তারিখ উল্লেখক্রমে) সিপিএলএ দায়ের করা সম্ভব হবে, সে বিষয়টি স্পষ্ট করা;
- নির্ধারিত সময়ের পর সিপিএলএ দায়ের করা হলে এবং তৎপ্রেক্ষিতে তামাদির কারণে মহামান্য আদালত কর্তৃক সিপিএলএ গৃহীত না হলে/ডিসমিস হলে এর দায়ভার কে বা কারা বহন করবে সে বিষয়ে স্পষ্ট মতামত প্রদান করা;
- রিট মামলায় সরকার পক্ষে কোন পদক্ষেপ গৃহীত না হওয়ার কারণ কী?

০৯। এমতাবস্থায়, উপরি-উক্ত মতে চাহিত তথ্যাদি (প্রমাণকসহ) আগামী ০৯.০১.২০ তারিখের মধ্যে টিএমইডিতে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে বিনীত অনুরোধ করা হলো।

(মো: আ: খালেক মিঞা)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন: ৪১০৫০১৫৭

মহাপরিচালক
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার,
লেভেল-৩, ৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে:

- সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (আদেশটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- অতিরিক্ত সচিব/উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- জনাব মো: শাহাদুল ইসলাম, প্রভাষক (বাংলা), চৌধুরাণী ফাতেহিয়া ফাজিল (ডিগ্রী) মাদরাসা, ডাক-চৌধুরাণী, উপজেলা-পীরগাছা, জেলা-রংপুর।
- মাষ্টার কপি/অফিস কপি।